# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ,বরিশাল

**www.barisalboard.gov.bd**

# বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২৬/১৭৬ তারিখ: ২৭.০১.২০২৬খ্রি:

**বিষয়: 2০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ট্রান্সফার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল এর আওতাধীন বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক/স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ট্রান্সফার কার্যক্রম আগামী ২৯.০১.২০২৬ তারিখ হতে ১৫.০৩.২০২৬ তারিখ পর্যন্ত চলবে। দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিদ্যালয় ট্রান্সফারের জন্য আবেদন পদ্ধতি:

- **০১.** www.barisalboard.gov.bd এড্রেসে গিয়ে download Menu থেকে School form এ গিয়ে TC ফরম ডাউনলোড করতে হবে। এরপর আবেদনকারী যে বিদ্যালয়ের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে বিদ্যালয়ে ট্রান্সফার হতে চায় উভয় কলেজের প্রধান শিক্ষকের স্বাক্ষর নিবে।
- **০২.** আবেদনকারী যে বিদ্যালয়ের ভর্তিকৃত শিক্ষার্থী সে বিদ্যালয়ের মাধ্যমে বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের ডানপাশে panel link এ গিয়ে SSC eSIF 2027 এর উপর ক্লিক করে Login এর মাধ্যমে TC মেনুতে ঢুকে স্ব স্ব বিদ্যালয় কর্তৃপক্ষকে শিক্ষার্থীর পক্ষে আবেদন করতে হবে।
- **০৩.** আবেদন করার সময়ই শিক্ষার্থীর মোবাইল নম্বর দিতে হবে এবং ঐ মোবাইল নম্বরে বিদ্যালয় ট্রান্সফারের ফি সম্পর্কিত Message যাবে। Message এর ভিত্তিতে শিক্ষার্থী সোনালী সেবার মাধ্যমে নির্ধারিত ফি ১০০০/- টাকা জমা দিতে পারবে অথ বিদ্যালয় কর্তৃপক্ষও সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে।
- **০৪.** শিক্ষার্থীর অবেদন শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের কাছে যৌক্তিক মনে হলে কেবল তখনই শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি OTP (ontime password) যাবে এবং ঐ OTP টি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটের www.barisalboard.gov.bd ডানপাশে panel link এ গিয়ে SSC eSIF 2027 TC Letter download option OTP দিলে সংশ্লিস্ট শিক্ষার্থীদের TC বিষয়ক অনুমতি পত্র পাওয়া যাবে। এই অনুমতিপত্রটি একবার ডাউনলোড করলে এটি আর পুনরায় ডাউনলোড করা যাবে না। এ জন্য অনুমতি পত্রটি অত্যন্ত যত্নের সাথে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য কোন শিক্ষর্থী যদি TC এর আবেদনের সময় তার বিষয়/বিভাগ পরিবর্তন করে আবেদন করে তাহলে তার আবেদনটি রিজেক্ট হয়ে যাবে।
- **০৫.** ট্রান্সফারের অনুমতিপত্র নিয়ে শিক্ষার্থী তার আবেদনকৃত বিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পর বিদ্যালয়ে কর্তৃপক্ষ তা শিক্ষা বোর্ডের বিদ্যালয়ে পরিদর্শককে অবহিত করবেন।
- **০৬.** আবেদনকারী যে বিদ্যালয়ের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে বিদ্যালয়ে যেতে চায়, উভয় বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ট্রান্সফার আবেদনে স্বাক্ষরের পূর্বে দুই বিদ্যালয়ের বিভাগ এবং বিষয়ে সামঞ্জস্য আছে কিনা তা ভালো করে যাচাই করে নেয়ার জন্য অনুরোধ করা হলো। অনেক সময় দেখা যায় বিষয় সামঞ্জস্য না থাকার পরও প্রধান শিক্ষকগণ স্বাক্ষর করেন যা পরবর্তীতে শিক্ষার্থীদের ভোগান্তির কারণ হয়।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল এর আওতাধীন
মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।